



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১
ফ্যাক্স : ০২৫৮৮৮-৪৫১৩৪

তারিখ: ২১.০২.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়েছে। সকাল ৭টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবন থেকে প্রভাতফেরি বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহিদ মিনারে গিয়ে শেষ হয়। শহিদ মিনারে প্রশাসনের পক্ষে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। এসময় উপস্থিত ছিলেন প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেনসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

আরও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে বিভিন্ন বিভাগ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, হল প্রশাসন, দপ্তর, পাবিপ্রবি শাখা ছাত্রলীগসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

বাদ যোহর শহিদদের আত্মার মাগফিরাত কামনায় মোনাজাত করা হয়।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।